

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৯৯.০০১.২১.৬০

তারিখ: ৬ আষাঢ় ১৪২৯

২০ জুন ২০২২

বিষয়: পিতা নিয়োগ বোর্ডের সদস্য সচিব বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনে আইনগত মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৩.০১.২০১২খ্রি. তারিখে সাতক্ষীরা আশাশুনি ডিগ্রি কলেজ তৎকালীন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী প্রফেসর ডা: আ.ফ.ম রুহুল হক (এম.পি) মহোদয়ের সভাপতিত্বে আশাশুনি ডিগ্রি কলেজের ইংরেজি বিষয়ে প্রভাষক পদে নিয়োগ নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত নিয়োগ নির্বাচনী বোর্ডে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি, বোর্ড প্রতিনিধি ও বিষয় ভিত্তিক বিশেষজ্ঞসহ নিয়োগ বোর্ডের সকল সদস্যবৃন্দের উপস্থিতিতে বেসরকারি নিয়োগবিধি ও জনবল কাঠামো ২০১০ মোতাবেক প্রভাষক (ইংরেজি), এইচএসসি (বিএম) শাখায় নির্বাচিত হয়।

বিধিমোতাবেক প্রভাষক পদে ১৪.০১.২০১২খ্রি. তারিখে যোগদান করে এমপিও ভুক্ত হয়ে অদ্যাবধি কর্মরত আছেন। ইংরেজী শিক্ষক স্বল্প থাকা শিক্ষকের চাহিদা রয়েছে। বর্তমানে কলেজটি জাতীয়করণ করা হয়েছে।

জাতীয়করণের পর মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে তথ্যাদি যাচাই-বাছাই করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে পদ সৃজনের জন্য তথ্যাদি যাচাই-বাছাই করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করেন। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক যাচাইকৃত প্রভাষক (ইংরেজি) পদ সৃজনে সম্মতি প্রদান করেন। পরবর্তীতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগের (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১) সম্মতি পাওয়া যায়। পদটি রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হয়েছে। কিন্তু এডহক নিয়োগ ক্ষেত্রে পিতা নিয়োগ বোর্ডের সদস্য সচিব থাকায় এডহক নিয়োগ প্রদান করা হচ্ছে না। এ বিষয়টি বেসরকারি নিয়োগবিধি ও জনবল কাঠামো ২০১০, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন সময় জারিকৃত পরিপত্র বা প্রবিধানমালা এবং জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০০০ কোথাও পিতা নিয়োগ বোর্ডের সদস্য সচিব থাকলে নিয়োগ সঠিক নয় মর্মে উল্লেখ নেই।

এমতাবস্থায়, সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন আশাশুনি সরকারি কলেজের প্রভাষক (ইংরেজি), এইচএসসি (বিএম) জনাব জি.এম আখতার-উজ-জামান এর উপরোক্ত তথ্য পর্যালোচনা পূর্বক এডহক নিয়োগের বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২০-৬-২০২২
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব
ফোন: ৯৫৭৬৬৭৯
ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৯৯.০০১.২১.৬০/১(৪)

তারিখ: ৬ আষাঢ়, ১৪২৯
২০ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২০-৬-২০২২
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব